



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/নারায়নগঞ্জ-১৪/ ২২২/৭

তারিখঃ ১২/০২/২০১৮খ্রিঃ

বিষয় : তদন্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.৩৭.০১৫.১৭.২২(সং); তারিখঃ ১০ জানুয়ারি ২০১৮
২) নং- বামাশিবো/প্রশা/নারায়নগঞ্জ-১৪/২০৩৭/৪; তারিখঃ ২৬/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন মাঝিনা মৌজার আহমাদীয়া ইসলামিয়া ফাযিল মাদরাসার গভার্ণিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যের বিরুদ্ধে “অনৈতিকভাবে মাদরাসার অফিসের চাবি, টাকা ও প্রয়োজনীয় জিনিস কেড়ে নেওয়া এবং মাদরাসার দায়িত্ব পালনে বাধাদান প্রসঙ্গে” মাদরাসার অধ্যক্ষ মোঃ আব্দুল মজিদ মোল্লা একখানা অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

উপরিলিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

যেহেতু মাদ্রাসাটি ফাযিল স্তরের মাদ্রাসা এবং ফাযিল ও কামিল মাদ্রাসা সংক্রান্ত বিষয় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের এখতিয়ারাধীন সেহেতু তদন্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ী- ১২৪/২২, ব্লক-এ, রোড-৩
পশ্চিম ধানমন্ডি মেইন রোড, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা।

নং- বামাশিবো/প্রশা/নারায়নগঞ্জ-১৪/

তারিখঃ /০২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, মাঝিনা মৌজার আহমাদীয়া ইসলামিয়া ফাযিল মাদরাসা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
৫. অধ্যক্ষ, মাঝিনা মৌজার আহমাদীয়া ইসলামিয়া ফাযিল মাদরাসা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪